যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম।

শেখ হাসিনার উদ্যোগ

টেলিফোনঃ অফিস/বাসাঃ ০৪২১-৬৮৮৭৪
অভিযোগ কেন্দ্রঃ ০৪২১-৬৮৮৭৩
ই-মেইলঃ jessorepbs1@gmail.com
ওয়েব সাইটঃ pbs1.jessore.gov.bd
প্রধান কার্যালয়ঃ তপসীডাঙ্গা, যশোর।

স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫১০.০২.০০৮.২১. ৬৬৩ তারিখঃ ১৭ মাঘ, ১৪২৭ বঙ্গাঃ
৩১ জানুয়ারি, ২০২১ খ্রিঃ

বিষয়ঃ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর শূন্য নিম্নোক্ত পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থী গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

"পদের নামঃ পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/মেম্বর সার্ভিস কো-অর্ডিনেটর"

পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/মেম্বর সার্ভিস কো-অর্ডিনেটর পদে প্রার্থীর যোগ্যতাঃ

ক) ওয়্যারিং পরিদর্শক পদে ন্যূনতম ১০ (দশ) বছর এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
খ) কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
গ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
ঘ) বিগত ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম রেটিং ৩.৫০ থাকতে হবে।
ঙ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণে এবং বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
চ) যশোর পবিস-১ এর কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
ছ) দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে।
জ) ওয়্যারিং যন্ত্রপাতি, মালামাল ও যন্ত্রাংশ সম্পর্কে ধারনা ও অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ (ড) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক আবেদন পত্রসহ আগামী ১৩/০২/২০২১ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১১:০০ ঘটিকায় যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০২। **আবেদনপত্রের সহিত নিম্নে বর্নিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষন ও বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য হওয়ার প্রমান পত্রের ফটোকপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ছ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
(জ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(ঝ) আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
(ঞ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

চলমান পাতা-২

০৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নবর্নিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছে;

(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

০৪। **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের **"পদ বিবরনী"** তে উল্লেখিত সকল শর্তাদি পুরণ করতে হবে।

(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পুরণ করতে হবে।

(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৬। পবিস নির্দেশিকা ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূলবেতন সংরক্ষন করা হবে।

০৭। পদোন্নতির ক্ষেত্রে জেলাকোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকার (সদর সদর, ঝিকরগাছা, শার্শা, চৌগাছা ও বাঘারপাড়া উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৮। পবিস চাকুরী বিধির ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

০৯। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১০। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি ১৯৯২(সংশোধিত-২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

১১। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/ নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

১২। নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

৩১/৭/২২

(আবু বকর শিবলী)
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

অনুলিপিঃ (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।

০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------পবিস-১/২/৩/৪।

০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।

০৬। ডিজিএম, সদর-কারিঃ/বাঘারপাড়া/ঝিকরগাছা/চৌগাছা/শার্শা জোনাল অফিস, যশোর পবিস-১।

০৭। এজিএম, বাগআঁচড়া/বাঁকড়া/রূপদিয়া সাব-জোনাল অফিস, যশোর পবিস-১।

০৮। এজিএম, প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/পিএন্ডএম, যশোর পবিস-১।

০৯। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), যশোর পবিস-১ **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**

১০। নোটিশ বোর্ড, যশোর পবিস-১।

১১। অফিস কপি/মাষ্টার কপি।

৩১/৭/২২

জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)